



**বাজেশ্বাস্তী কৃষি উন্নয়ন মন্ত্রণ**  
**প্রধান কার্যালয়, রাজশাহী**  
**কেন্দ্রীয় হিসাব বিভাগ-২**

সার্কুলার নং-০১/২০১৭

তারিখ: ২৬-০৪-২০১৭

**বিষয়ঃ** রাকাব কর্মচারী সুপারএ্যানুয়েশন তহবিলের ব্যাংক প্রদত্ত চাঁদা কর্তনের হার পৃষ্ঠানির্ধারণ ও হিসাবায়ন প্রসঙ্গে।

রাকাব, প্রধান কার্যালয়, কেন্দ্রীয় হিসাব বিভাগ-২ এর ২৬/০৫/২০১০ তারিখের সার্কুলার নং-প্রকা/কেহিবি-২/০১/২০১০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো। উক্ত সার্কুলার মোতাবেক ০১-০৭-২০১০ তারিখ হতে রাকাব কর্মচারী সুপারএ্যানুয়েশন তহবিলে ব্যাংক প্রদত্ত চাঁদা ৩০% হতে বৃদ্ধি করে ৫০% এ উন্নীত করা হয়েছে যা বর্তমান পর্যন্ত কার্যকর রয়েছে।

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ-১ এর ০৯/০১/২০১৭ তারিখের প্রজ্ঞাপন নং-০৭.০০.০০০.১৭১.১৩.০০৫.১৬-০৬ এর মাধ্যমে বর্তমানে প্রচলিত কর্মকর্তা/কর্মচারীগণের গ্রস পেনশনের শতকরা ১০০ ভাগ সমর্পণের সুবিধা বাতিল করে শতকরা ৫০ ভাগ সমর্পণ বাধ্যতামূলক করা হয়েছে যা 'জুলাই' ২০১৭ তারিখ হতে কার্যকর হবে। ফলে সুপারএ্যানুয়েশন খাতে ব্যাংকের এককালীন তহবিলের প্রয়োজনীয়তাহাস পাবে।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে বর্তমানে প্রচলিত নিয়ম অনুযায়ী প্রত্যেক শাখা কর্তৃক মাসিক বেতন প্রদানের সময় কর্মকর্তা/কর্মচারীগণের মূল বেতনের ৫০% শাখার ব্যয় হিসাব ১৩৩/১১-এ 'সুপারএ্যানুয়েশন তহবিলে ব্যাংকের চাঁদা' থেকে সংকুলান করে রাখা হয় এবং ত্রৈ-মাসিক ভিত্তিতে প্রধান কার্যালয়ে তা প্রেরণ করে থাকে।

রাকাব কর্মচারী সুপারএ্যানুয়েশন তহবিলের ব্যাংক প্রদত্ত চাঁদা কর্তনের হার পৃষ্ঠানির্ধারণ ও হিসাবায়ন বিষয়ে একটি সার-সংক্ষেপ ২৪/০৪/২০১৭ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৫তম সভায় পেশ করা হলে পরিচালনা পর্ষদ সার-সংক্ষেপে বর্ণিত তথ্যাদি পরীক্ষা-নিরীক্ষা ও বিচার বিশ্লেষণ করে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেন:

- ১) ২০১৬-২০১৭ অর্থ বছরের অবশিষ্ট ০৩(তিনি) মাস (এপ্রিল, ২০১৭ হতে জুন, ২০১৭ পর্যন্ত) কর্মকর্তা-কর্মচারীগণের মূল বেতনের উপর সুপারএ্যানুয়েশন তহবিলের চাঁদা কর্তন স্থগিত করা হলো। জুন, ২০১৭ এবং পরবর্তী সময়ে অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণের আর্থিক পাওনাদি পরিশোধের ক্ষেত্রে তহবিলের ঘাটতি দেখা দিলে প্রধান কার্যালয় হতে পুনর্ভরণ দিতে হবে।
- ২) ২০১৭-২০১৮ অর্থ বছর হতে সুপারএ্যানুয়েশন তহবিলের কর্তনকৃত চাঁদার হার ৫০% হতেহাস করে ৪০% এ নির্ধারণ করা হলো।
- ৩) সুপারএ্যানুয়েশন তহবিলের বিদ্যমান হিসাবায়ন পদ্ধতি পরিহার করে প্রধান কার্যালয় পর্যায়ে অর্ধ-বার্ষিক ও বার্ষিক ভিত্তিতে ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের মূল বেতনের উপর অনুমোদিত হারে নির্ণিত পরিমাণ তহবিল সুপারএ্যানুয়েশন তহবিলে স্থানান্তরের মাধ্যমে সুপারএ্যানুয়েশন তহবিলে হিসাবায়ন পদ্ধতি চালু করা হলো। জুলাই, ২০১৭ হতে শাখা পর্যায়ে সুপারএ্যানুয়েশন তহবিল এর চাঁদা কর্তন রহিত করা হলো।

চলমান পাতা-২

রাকাব, পরিচালনা পর্যবেক্ষণের উপর্যুক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে এপ্রিল' ২০১৭ হতে জুন' ২০১৭ পর্যন্ত সুপারএ্যানুয়োশন তহবিলে চাঁদা কর্তন বন্ধ করা হলো। এখন থেকে শাখা পর্যায়ে সুপারএ্যানুয়োশন তহবিলের জন্য মাসিক বেতন/বকেয়া বেতন হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত চাঁদা কর্তন সম্পূর্ণরূপে বন্ধ থাকবে।

এ বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে নিম্ন স্বাক্ষরকারীর সাথে সরাসরি যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো।

২৬/০৮/২০১৭  
(মোঃ মসিউর ইসলাম)  
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং-প্রকা/কেহিবি-২/৭০/২০১৬-২০১৭/১৩৭৮(৪১০)

তারিখঃ ২৬-০৮-২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দণ্ডর (প্রশাসন/পরিচালন/নিরীক্ষা, হিসাব ও আদায় মহাবিভাগ) রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনসিটিউট, রাজশাহী।
- ৭। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা এবং সহকারী মহাব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক। তাদের আওতাধীন শাখাসমূহে সার্কুলারের কপি সরবরাহের জন্য অনুরোধ করা হল।
- ১০। সহকারী মহাব্যবস্থাপক, এমডি'স ভিজিলেন্স সেল/বুঁকি ব্যবস্থাপনা ইউনিট রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১১। প্রকল্প পরিচালক, এসইসিপি, উপ-শহর, রাজশাহী।
- ১২। উপ-প্রকল্প পরিচালক, এসইসিপি, বগুড়া।
- ১৩। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (সংশ্লিষ্ট জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)।
- ১৪। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক(সংশ্লিষ্ট জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)।
- ১৫। অফিস নথি/মহানথি।

২৬/০৮/২০১৭  
(নূরুল নাহার)  
উর্ধতন মুখ্য কর্মকর্তা

A handwritten signature consisting of stylized initials, possibly 'AS', followed by a horizontal line.